



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/26/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল 28 জুন, বুধবারের জন্য স্টেটব্যাপী বাতাসের মান সম্পর্কে নিউ ইয়র্কবাসীকে সর্বশেষ তথ্য জানালেন

বাতাস স্টেটব্যাপী সম্ভাব্য পৃষ্ঠের নিকটবর্তী ধোঁয়ার প্রভাব নিয়ে আসবে বলে আশঙ্কা রয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্কবাসীকে এই সপ্তাহের প্রত্যাশিত বাতাসের মান সম্পর্কে সর্বশেষ তথ্য প্রদান করলেন। কানাডিয়ান দাবানলের সম্ভাব্য প্রভাব, এবং একই সাথে ওজোন ও অন্যান্য দূষকের জন্য স্টেট নিবিড়ভাবে বাতাসের মান পর্যবেক্ষণ করে যাচ্ছে। 28 জুন, বুধবারের জন্য নিউ ইয়র্ক স্টেট পরিবেশ সংরক্ষণ বিভাগের (New York State Department of Environmental Conservation, DEC) বর্তমান স্টেটব্যাপী বাতাসের মান পূর্বাভাস অনুযায়ী বুধবার সারারাত ঘন পৃষ্ঠের ধোঁয়ার কারণে স্টেটের অধিকাংশ অঞ্চলের অস্বাস্থ্যকর মানের বাতাস দ্বারা প্রভাবিত হওয়ার সম্ভাবনা রয়েছে। যেহেতু বুধবার ভোরের সময়ে উত্তরপশ্চিম থেকে একটি কোল্ড ফ্রন্ট ওয়েস্টার্ন নিউ ইয়র্কে প্রবেশ করবে এবং বুধবার সন্ধ্যার মধ্যে ডাউনস্টেট অঞ্চলগুলিতে পৌঁছে যাবে, তাই বাতাস পুরো স্টেটে সম্ভাব্য পৃষ্ঠের নিকটবর্তী ধোঁয়ার প্রভাব আনবে বলে আশঙ্কা করা যাচ্ছে।

"আমরা পরিবর্তনশীল পূর্বাভাস নিবিড়ভাবে পর্যবেক্ষণ করে যাচ্ছি, এবং নিউ ইয়র্কবাসীর উচিত কানাডিয়ান দাবানল থেকে ধোঁয়া ফেরত আসার সম্ভাবনার জন্য প্রস্তুত থাকা," **গভর্নর হোকল বলেন।** "আমি সকলকে সতর্ক থাকতে উৎসাহিত করছি, বিশেষ করে যদি আপনার বায়ু দূষণ দ্বারা সহজে আক্রান্ত হওয়ার সম্ভাবনা থাকে, এবং সর্বশেষ তথ্য জেনে রাখুন এবং নিজেকে সুরক্ষিত রাখার ব্যবস্থা গ্রহণ করুন।"

যদিও পূর্বাভাসের অনিশ্চয়তা বিদ্যমান, তবে বুধবারের ধোঁয়ার কারণে সৃষ্ট সম্ভাব্য উচ্চমাত্রার সূক্ষ্ম বিশেষ পদার্থের দূষণের জন্য নিউ ইয়র্কবাসীর প্রস্তুত থাকা উচিত। প্রয়োজন হলে মঙ্গলবার বিকেলে ধোঁয়া দ্বারা আক্রান্ত অঞ্চলগুলিতে পরিবেশ সংরক্ষণ বিভাগ বাতাসের মান স্বাস্থ্য সতর্কতা (Air Quality Health Advisories) জারি করবে। ওজোন বা সূক্ষ্ম বিশেষ পদার্থের মাত্রার কারণে বাতাসের মান ইনডেক্সের (Air Quality Index, AQI) মান 100 এর বেশি হওয়ার আশঙ্কা হলে বাতাসের মানের স্বাস্থ্য সতর্কতাটি জারি করা হয়।

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health, DOH) প্রয়োজন হলে সতর্কতা অবলম্বনের পরামর্শ দিচ্ছে। ঝুঁকি হ্রাস করার জন্য ব্যক্তির যা সমস্ত পদক্ষেপ গ্রহণ করতে পারে:

- বাতাসের মান ইনডেক্স (Air Quality Index, AQI) যখন 100 এর বেশি হয়, তখন দুর্বল নিউ ইয়র্কবাসী গোষ্ঠীদের উচিত ঘরের বাইরে শ্রমসাধ্য কাজ এড়িয়ে চলা এবং আউটডোরে সংস্পর্শে আসলে লক্ষণসমূহের ব্যাপারে খেয়াল করা। দুর্বল গোষ্ঠীদের মধ্যে রয়েছে হৃদরোগ (যেমন কনজেস্টিভ হার্ট ফাইল, পূর্বে হার্ট অ্যাটাক হওয়ার ইতিহাস) বা শ্বাসতন্ত্রের রোগ (যেমন অ্যাজমা, ক্রনিক অবস্ট্রাক্টিভ পালমোনারি রোগ), এবং একইসাথে 18 বছরের কম শিশু এবং 65 বছরের বেশি বয়স্ক মানুষ।
- AQI যখন 150 এর বেশি হয়, তখন সকল নিউ ইয়র্কবাসীর উচিত ঘরের বাইরে শ্রমসাধ্য কাজ এড়িয়ে চলা এবং দুর্বল গোষ্ঠীর মানুষদের উচিত আউটডোরের সংস্পর্শ সম্পূর্ণ এড়িয়ে চলা, বিশেষ করে গর্ভবতী ব্যক্তি যারা সহজেই হাঁফিয়ে উঠতে পারে।
- গর্ভবতী ব্যক্তিরও বেশি দুর্বল হতে পারে এবং সহজে হাঁপিয়ে উঠতে পারে, AQI যখন 150 এর বেশি হলে তাদের ঘরে থাকতে পরামর্শ দেওয়া হচ্ছে।
- বাতাসের অস্বাস্থ্যকর মানের মধ্যে যাদেরকে উল্লেখযোগ্য পরিমাণ সময় ঘরের বাইরে ভ্রমণ করতেই হবে, তাদের জন্য ভালোভাবে ফিট হওয়া মাস্ক পরিধানের পরামর্শ দেওয়া হচ্ছে। একটি [N95](#) বা KN95 সবথেকে ভালো কাজ করবে।

আউটডোর কর্মকাণ্ড পরিচালনা করে বা আউটডোর কর্মীবাহিনী রয়েছে এমন সংগঠনগুলির 28 জুন, বুধবারে কর্মকাণ্ডে সম্ভাব্য পরিবর্তনের জন্য পরিকল্পনা শুরু করা উচিত।

নিউ ইয়র্ক স্টেটের বাতাসের মান পূর্বাভাস সম্পর্কে আরো তথ্য উপলভ্য রয়েছে [এখানে](#)। আপনার অবস্থানের বর্তমান বাতাসের মান জানার জন্য: www.airnow.gov ভিজিট করুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418